আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে হাঁটা অবস্থায় আহার করেছি এবং দাঁড়ানো অবস্থায় পান করেছি।

ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে হাঁটা অবস্থায় আহার করেছি এবং দাঁড়ানো অবস্থায় পান করেছি।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

সাহাবায়ে কেরামের কর্ম দাঁড়িয়ে পান করা বৈধ বুঝায়; কেননা এ ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্বীকারোক্তি বিদ্যমান। আর মানুষের জন্য বসে পানাহার করাই উত্তম। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের তরীকা এটাই যে, বসা ব্যতীত খাবে না এবং পান করবে না। তবে বিশুদ্ধ সনদে প্রমাণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে পান করতে নিষেধ করেছেন। কিন্তু এ হাদীসটি প্রমাণ করে সে নিষেধাজ্ঞাটি হারামের জন্য নয় তবে তা অনুত্তম। এর অর্থ হলো, সবচেয়ে উত্তম ও পূর্ণতা হলো মানুষ বসে পানাহার করবে। তবে দাঁড়িয়ে পানাহার করাতে কোনো সমস্যা নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/4948